রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, আগস্ট ৭, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ/ ০৭ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নম্বর ৩২৭-আইন/২০২৫।**—সরকার গত ২৯ জুলাই ২০২৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নম্বর ৩২৪-আইন/২০২৫ দ্বারা জাতীয় সংসদের তিনটি নির্বাচনে উত্থাপিত অভিযোগের বিষয়ে পর্যালোচনাপূর্বক ভবিষ্যতে সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত কমিশনের সভাপতি ও সদস্যবৃন্দের মর্যাদা, বেতন-ভাতাদি/সম্মানি এবং অন্যান্য সুবিধা নিম্নরূপ নির্ধারণ করিল:—

অন্য যে কোনো পেশা, ব্যবসায় কিংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠন এর সহিত কর্ম-সম্পর্ক (যথা ডেপুটেশন, লিয়েন, ছুটি ইত্যাদি) থাকিলে তাহা সাময়িকভাবে স্থগিতের শর্তে কমিশনের সভাপতি বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের একজন বিচারকের এবং কমিশনের সদস্যগণ হাইকোর্ট বিভাগের একজন বিচারকের মর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, কমিশনের সভাপতি বা কোনো সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন।

২। এক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিচারক (বেতন এবং সুবিধাদি) আইন, ২০২১ প্রযোজ্য হইবে এবং এসংক্রান্ত ব্যয় বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের বাজেট হইতে নির্বাহ হইবে।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০